দামুড়হুদায় ১০ গ্রাম হেরোইনসহ মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাদকবিরোধী অভিযানে ১০ গ্রাম হেরোইনসহ আতিয়ার নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।

আটক আতিয়ার (৪০) দামুড়হুদা উপজেলার দশমীপাড়ার মৃত হযরত আলীর ছেলে। বুধবার দুপুর দেড়টার দিকে নিজ বাড়ি থেকে তাকে আটক করা হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর সূত্রে জানা যায়, চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বদরুল হাসানের নেতৃত্বে দামুড়হুদা দশমীপাড়ায় অভিযান পরিচালনা করা হয়। এ সময় মাদক ব্যবসায়ী আতিয়ারকে আটক করা হয়। পরে তার বাড়ি তল্লাশি করে ১০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ ঘটনায় জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বদরুল হাসান বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি নিয়মিত মামলা দায়ের করেছেন।

মেহেরপুরে বসতবাড়ি থেকে ৭১ গ্রাম হেরোইন উদ্ধার, দুইজন পলাতক

মেহেরপুরের মল্লিকপাড়ায় অভিযান চালিয়ে একটি বসতবাড়ি থেকে ৭১ গ্রাম হেরোইন উদ্ধার করেছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।

ঘটনাটি ঘটে গতকাল বুধবার রাত আনুমানিক সাড়ে ৮টার দিকে রমেশ ক্লিনিকের সামনে রেহানা খাতুন নামের এক মহিলার বসতবাড়িতে। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) এর ৮(গ), ৪০ ও ৪১ ধারায় দুইজনের বিরুদ্ধে মামলা দায়েরের প্রক্রিয়া চলছে।

অভিযানে জানা যায়, গোপন সংবাদের ভিত্তিতে মিয়াপাড়া এলাকার মোঃ সাহাদাৎ হোসেনের ছেলে মোঃ চঞ্চল (৩৭) ভারতীয় সীমান্ত এলাকা থেকে অবৈধ হেরোইন সংগ্রহ করে মল্লিকপাড়া এলাকার তার খালা মোছাঃ রেহানা খাতুনের (৪০) বসতবাড়িতে সংরক্ষণ করে ব্যবসা করে আসছিলেন।

সংবাদের ভিত্তিতে সহকারী উপপরিদর্শক মোঃ মিনারুল ইসলামসহ ৬ সদস্যের একটি রেইডিং টিম বুধবার সন্ধ্যায় রমেশ ক্লিনিকের সন্নিকটে রেহানা খাতুনের উত্তরমুখী দুই কক্ষবিশিষ্ট একতলা পাকা বাড়ি ঘেরাও করে। তবে অভিযানের সময় আসামিদ্বয়কে বাড়িতে পাওয়া যায়নি।

পরে স্থানীয় দুইজন সাক্ষীর উপস্থিতিতে রাত ৮টার দিকে বাড়িতে তল্লাশি চালিয়ে উত্তর-পূর্ব কোণের শয়নকক্ষে চার তাকবিশিষ্ট একটি প্লাস্টিক র্যাকের নিচের তাকে কাপড়ের ভাঁজে লুকানো অবস্থায় পলিথিনে মোড়ানো একটি হেরোইনের পোটলা উদ্ধার করা হয়।

দাপ্তরিক ডিজিটাল নিক্তিতে ওজন করে হেরোইনের পরিমাণ ৭১ গ্রাম পাওয়া যায়, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ২ লাখ টাকা।

উদ্ধারকৃত আলামতের মধ্যে ১ গ্রাম হেরোইন নমুনা হিসেবে পৃথক করে সিলগালা করা হয়েছে এবং অবশিষ্ট অংশ যথানিয়মে জব্দ করে বিভাগীয় হেফাজতে নেওয়া হয়েছে।

অভিযুক্ত দুজনই বর্তমানে পলাতক রয়েছেন। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একজন কর্মকর্তা মামলাটির তদন্ত করবেন বলে জানা গেছে।

এ বিষয়ে আজ বৃহস্পতিবার দুপুরে মোছাঃ রেহানা খাতুন ও মোঃ চঞ্চলের স্ত্রী একটি সংবাদ সম্মেলন করেন। সংবাদ সম্মেলনে মোছাঃ রেহানা খাতুন অভিযোগ করে বলেন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি নাটকীয় অভিযান সাজিয়ে তাদের ফাঁসানোর চেষ্টা করেছে। অভিযানের সময় তিনি বাসায় উপস্থিত ছিলেন না। তার দাবি, তার বসতবাড়িতে কোনো তালা ভাঙার ঘটনা ঘটেনি এবং তিনি অনুপস্থিত থাকা অবস্থায় ঘরে হেরোইন উদ্ধারের দাবি তুলে

মেহেরপুরে যৌথ অভিযানে হেরোইনসহ সাবেক সেনাসদস্য আটক

মেহেরপুরে সেনা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে সাবেক সেনা সদস্য চাঁদ আলীকে ৬০ গ্রাম হেরোইনসহ আটক করা হয়েছে। চাঁদ আলী মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে।

সোমবার সকালে গোপন সংবাদের ভিত্তিতে সেনাবাহিনী ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি যৌথ টিম তার বাড়িতে অভিযান চালিয়ে হেরোইনসহ তাকে আটক করে।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের উপপরিচালক রহমত আলী বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি জানান, সাবেক সেনা সদস্য চাঁদ আলী নিজ বাড়িতে মাদকদ্রব্য মজুদ করে তা বিক্রির প্রস্তুতি নিচ্ছিলেন এমন সংবাদের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও মেহেরপুর সেনা ক্যাম্পের সদস্যরা তার বাড়িতে অভিযান চালান। এ সময় তার বসতবাড়ি থেকে পলিথিনে মোড়ানো ৬০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে তার বিরুদ্ধে মামলা দিয়ে আদালতে প্রেরণের প্রস্তুতি চলছে।

মেহেরপুরে হেরোইন রাখার দায়ে একজনের দুই বছরের কারাদণ্ড ও অর্থদণ্ড

মেহেরপুরে হেরোইন রাখার দায়ে মোঃ আলফাজ আহম্মেদ নামের এক ব্যক্তিকে ২ বছরের সশ্রম কারাদণ্ড ও ৫ হাজার টাকা অর্থদণ্ড দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার (১০ জুলাই) দুপুরে মেহেরপুরের চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট মোঃ শাজাহান আলী এ আদেশ দেন।

মামলায় রাষ্ট্রপক্ষে পাবলিক প্রসিকিউটর পারভীনা সুলতানা এবং আসামি পক্ষে এ্যাড. মীর আলমগীর ইকবাল আইনজীবীর দায়িত্ব পালন করেন।

মামলার এজাহার সূত্রে জানা যায়, পরিদর্শক শাহ জালাল খানের নেতৃত্বে রেইডিং পার্টি ২০২০ সালের ডিসেম্বরের ১১ তারিখে মেহেরপুরের বুড়িপোতা গ্রামে অভিযান পরিচালনা করে আসামী মোঃ আলফাজ আহম্মেদের বসতঘর তল্লাশি চালানো হয়।
আসামির বসতঘরের খাটের তোশকের নিচে রাখা একটি পলিথিন প্যাকেট থেকে ছোট পলিথিনে মোড়ানো অবস্থায় ১ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

পরে মামলার তদন্তকারী কর্মকর্তা আদালতে অভিযোগপত্র দাখিল করেন। মামলার নথি ও সাক্ষীদের সাক্ষ্য পর্যালোচনা করে মোঃ আলফাজ আহম্মেদের বিরুদ্ধে উপরোক্ত রায় দেন।

রায় ঘোষনার পরে আসামীকে জেল হাজতে পাঠানো হয়েছে।

মেহেরপুরে যৌথ অভিযানে ১৩০ গ্রাম হেরোইনসহ মা-ছেলে আটক

মেহেরপুর শহরের ওয়াদাপাড়া এলাকায় সেনাবাহিনী ও জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের যৌথ অভিযানে ১৩০ গ্রাম হেরোইনসহ মা- ছেলেকে আটক করা হয়েছে।

শনিবার (৫ জুলাই) সকালে পরিচালিত এ অভিযানে আটক হন মিয়াপাড়ার বাসিন্দা নুরুন্নবীর স্ত্রী শিখা খাতুন (৪৫) এবং তার ছেলে জাহিদ (২৫)।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিদর্শক বিদ্যুৎ বিহারী নাথ জানান, গোপন সংবাদের ভিত্তিতে শিখা খাতুনের বাড়িতে তল্লাশি

চালিয়ে ১৩০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়, যার আনুমানিক বাজারমূল্য প্রায় ১০ লাখ টাকা। অভিযানে মাদক বিক্রির নগদ ৬২ হাজার ৮৩০ টাকা এবং দুটি ডিজিটাল ওজন পরিমাপক নিক্তিও জব্দ করা হয়।

অভিযানের সময় মাদক মামলার প্রধান আসামি মিয়াপাড়ার লুৎফর রহমানের ছেলে নূর নবী পালিয়ে যেতে সক্ষম হয়।

পরিদর্শক বিদ্যুৎ বিহারী আরও জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে আটক মা-ছেলে হেরোইন বিক্রির সঙ্গে জড়িত থাকার কথা স্বীকার করেছে। তাদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে মেহেরপুর সদর থানায় হস্তান্তর করা হয়েছে।

মেহেরপুরে ইয়াবা, হেরোইনসহ আটক-১

মেহেরপুর জেলা শহরের গোরস্থানপাড়ায় অভিযান চালিয়ে মো. রহমত বিন হাছেম (৫২) নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে সেনাবাহিনী।

গতকাল বৃহস্পতিবার দুপুরে গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর সেনাবাহিনীর লেফটেন্যান্ট মিনহাজের নেতৃত্বে এ অভিযান পরিচালনা করেন।

জানা গেছে, গোপন সংবাদের ভিত্তিতে গোরস্থানপাড়ার রহমত বিন হাছেমের বাড়িতে অভিযান চালিয়ে তাকে আটক করে। এ সময় তার কাছ থেকে ৭ পিস ইয়াবা ট্যাবলেট, ৫ পুরিয়া হেরোইন এবং একটি মোবাইল ফোন জব্দ করা হয়।

গ্রেপ্তারকৃত রহমত বিন হাছেমের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন রয়েছে।

মহেশপুরে বিজিবি’র অভিযানে বিপুল পরিমাণ হেরোইন উদ্ধার

ঝিনাইদহের মহেশপুরে অধিক মূল্যমানের বিপুল পরিমাণ হেরোইন উদ্ধার করেছে বাংলাদেশ বর্ডার গার্ড (বিজিবি)।

বুধবার আনুমানিক রাত ৮টার দিকে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) নায়েক মোঃ রফিকুল ইসলাম এর নেতৃত্বে কোটচাঁদপুর রেলওয়ে স্টেশনে রাজশাহী হতে খুলনাগামী কপোতাক্ষ ট্রেনের ছ-বগিতে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ৫ ও ৬ নং সীটের উপরে ব্যাগ রাখার রেলিং হতে স্কুল ব্যাগের মধ্যে মালিক বিহীন অবস্থায় ২.০৩২ কেজি হেরোইন উদ্ধার করে।

বৃহস্পতিবার সকালে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এই তথ্য নিশ্চিত করেন মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র সহকারী পরিচালক মোহাম্মদ সাইফুল ইসলাম ।

মেহেরপুরে হেরোইনসহ দুই মাদক কারবারী গ্রেফতার

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের শালিকা গ্রামে ১০ গ্রাম হেরোইনসহ দুই মাদক কারবারিকে আটক করেছে জেলা জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)।

গ্রেফতারকৃতরা হলেন দক্ষিণ শালিকার ফিল্ড পাড়ার মৃত মাতম আলীর ছেলে মোঃ আবুল বাছাদ (৩৬), ক্লাব পাড়ার মৃত খেদের আলীর ছেলে মোঃ ইকরামুল হক (৪৫)।

জানা গেছে, দক্ষিণ শালিকা গ্রামের মোঃ তাহাজ উদ্দিনের বাড়ির পূর্ব দিকে মোঃ মনিরুলের আমবাগানের দক্ষিণ-পশ্চিম কোনে একটি বোরিংয়ের পাশ থেকে মোট ১০ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা রুজুর প্রক্রিয়া চলমান রয়েছে।

মেহেরপুরে যৌথ অভিযানে হেরোইন ও টাকাসহ আটক ৪

মেহেরপুরে সেনাবাহিনী, উপজেলা
প্রশাসন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ
অধিদপ্তরের যৌথ অভিযানে হেরোইন
ও নগদ অর্থসহ চারজন মাদক
কারবারিকে আটক করা হয়েছে।

এ সময় তাদের কাছ থেকে মাদক কেনাবেচার ৫ লক্ষ ৬২ হাজার ৩২০ টাকা জব্দ করা হয়। রবিবার (৮ এপ্রিল) সকালে তাদের আটক করে যৌথবাহিনী।

আটকরা হলেন- সদর উপজেলার মল্লিক পাড়ার মৃত কিয়াম উদ্দিনের ছেলে মহির উদ্দিন (৫০), মিয়াপাড়ার শাহাদত হোসেন সাজুর ছেলে মোঃ চঞ্চল (৪২), চঞ্চলের স্ত্রী মোছাঃ সাবরিনা এবং মল্লিক পাড়ার মৃত আহম্মেদ আলীর মেয়ে চায়না (৪৫)।

অভিযানে নেতৃত্ব দেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম, সেনাবাহিনীর সিনিয়র ওয়ারেন্ট অফিসার সুরুজ্জামান এবং জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মিজানুর রহমান।

মেহেরপুরে ১৩ গ্রাম হেরোইনসহ গ্রেফতার ১

মেহেরপুর জেলা গোয়েন্দা শাখার (ডিবি) বিশেষ অভিযানে ১৩ গ্রাম অবৈধ মাদকদ্রব্য হেরোইনসহ মোঃ জিয়াউর মন্ডল ওরফে জিয়া (৪৫) নামে এক ব্যক্তি গ্রেফতার হয়েছেন।

গ্রেফতারকৃত জিয়াউর মন্ডল (৪৫) পিরোজপুর পশ্চিম পাড়ার বাসিন্দা এবং মোঃ আজির আলী মন্ডল ওরফে আজের আলীর ছেলে। তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করা হয়েছে।

অভিযানকালে মেহেরপুর সদর থানার পিরোজপুর পশ্চিম পাড়া (হটাৎ পাড়া) এলাকায় জিয়াউর মন্ডলের বসতবাড়ির দক্ষিণ পাশের একটি টিনশেড ঘর থেকে তাকে গ্রেফতার করা হয়।

জেলা পুলিশ সুপার জনাব মাকসুদা আকতার খানমের নির্দেশনায় এবং জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

মেহেরপুর জেলা পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, মাদকের বিরুদ্ধে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।